

# মিশিগানের উপেক্ষিত এশিয়ান আমেরিকান শিশুদের জন্য সিসা(লেড) প্রতিরোধক প্রোগ্রাম

**সংক্ষিপ্ত বিবরণ:** হ্যামট্রামিক, এবং ডিট্রয়েট এর উচ্চ ঝুঁকিতে থাকা এশিয়ান আমেরিকান জনগোষ্ঠীকে স্থানীয় সংগঠন এবং সংস্থার সাথে যুক্ত করে সাংস্কৃতিকভাবে উপযুক্ত সিসা(লেড) বিষয় প্রতিরোধক কার্যক্রম পরিকল্পনা, এবং বাস্তবায়ন।

## লক্ষ্য এবং উদ্দেশ্য:

- এশিয়ান আমেরিকান সম্প্রদায়ের ঝুঁকিতে থাকা শিশু এবং গর্ভবতী মহিলাদের জন্য সীসা-পরীক্ষা বৃদ্ধি এবং স্বাস্থ্যসেবার সাথে সংযোগ বাড়াও।
- স্বাস্থ্যসেবা পেশাদার এবং সরবরাহকারীদের সীসা(লেড) পরীক্ষা এবং রক্তে অতিরিক্ত সিসা(লেড) সমস্যার চিকিৎসা কিভাবে করতে হয় তার উপর প্রশিক্ষণ প্রদান।
- হ্যামট্রামিকে বাংলাদেশী আমেরিকানদের মধ্যে সচেতনতা তৈরি করা এবং স্বাস্থ্যসেবার সাথে সংযোগ বাড়ানোর জন্য একটি প্রাথমিক প্রতিরোধক কার্যক্রম বাস্তবায়ন।

## কেন বাংলাদেশিরা রক্তে সিসা বেশি থাকার ঝুঁকিতে আছেন?

- হ্যামট্রামিকে অনেকগুলি বাড়ি ১৯৭৮(1978) সালের আগে নির্মিত এবং এই বাড়িগুলোতে সীসার রং ব্যবহার করা হয়েছিল। জলের পাইপ, সিল্ক এবং কলগুলিও(টেপ) সীসা দিয়ে তৈরি করা!
- হ্যামট্রামিকের শিশুদের রক্তে সীসার মাত্রা বেড়ে যাওয়ার সম্ভাবনা দ্বিগুণ। শিশুরা বেশি ঝুঁকিতে থাকে কারণ বাচ্চারা যা পায় তাই তাঁদের মুখে দিয়ে দেয়!
- অভিবাসী এবং অভিবাসীদের শিশুদের রক্তে সীসার মাত্রা বেড়ে যাওয়ার ঝুঁকি অন্যদের থেকে বেশি
  - হ্যামট্রামিকের ৮১% বাংলাদেশীদের জন্ম বাংলাদেশে, এবং এদের মধ্যে ৩০% হল শিশু যাদের বয়স ০-৬।
- ইংরেজিতে ভাল দক্ষতা না থাকার কারণে, ভাল স্বাস্থ্যসেবা পাওয়া অনেক কঠিন হয়ে পড়ে।
- আর্থিক অসচ্ছলতা অথবা নিম্ন-আয় রক্তে সীসার মাত্রা বেশি হওয়ার ঝুঁকি আরও বাড়িয়ে দেয়।
  - হ্যামট্রামিকের ৩৮.৫% বাংলাদেশী দারিদ্র্যসীমার মধ্যে বসবাস করেন।

মিশিগানে স্বাস্থ্যবান  
এশিয়ান আমেরিকান  
সম্প্রদায় তৈরি করার  
জন্য



ইস্টার্ন মিশিগান  
ইউনিভার্সিটি



Made possible from funding by the MDHHS and CLEEC

রক্তে বা বাড়িতে সীসা  
পরীক্ষার বিষয়ে আরও তথ্যের  
জন্য, সারা ললির সাথে  
যোগাযোগ করুন  
(734) 320-6432  
sarstjoh@med.umich.edu